গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।
(স্থানীয় সরকার শাখা)
www.jessore.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নম্বর ০৫.৪৪.৪১০০.০১৩.১৯.০০৪.২২.

তারিখ : মাঘ ১৪২৮ বঙ্গাব্দ। জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের, স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ শাখার ০৩ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭.১১২ নম্বর স্মারকের ছাড়পত্র মোতাবেক যশোর জেলার ইউনিয়ন পরিষদসমূহে নিম্নোক্ত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য যশোর জেলার স্থায়ী বাসিন্দা ও বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ইউনিয়ন পরিষদ সচিব | ১২ (বার) | গ্রেড-১৪ টাঃ ১০২০০-২৪৬৮০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী |

**আবেদনের শর্তাবলী :**

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও যশোর জেলার স্থানীয় বাসিন্দা হতে হবে।

২। সরকারের নির্দেশনা মোতাবেক উক্ত পদের বেতনের ৭৫% সরকারি অনুদান থেকে ও ২৫% ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় থেকে নির্বাহ করা হবে।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত ফরমে আগ্রহী প্রার্থীদের জেলা প্রশাসক, যশোর বরাবর আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়রে www.mopa.gov.bd ওয়েবসাইট অথবা জেলা তথ্য বাতায়ন www.jessore.gov.bd ওয়েবসাইট এর নোটিশ বোর্ড হতে ডাউনলোড করা যাবে।

৪। **জেলা প্রশাসক, যশোর বরাবর স্বহস্তে লিখিত আবেদন** আগামী ২০/০২/২০২২ খ্রিস্টাব্দ তারিখে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অত্র কার্যালয়ে পৌঁছাতে হবে। বিলম্বে প্রাপ্ত দরখাস্ত এবং অসম্পূর্ণ/ক্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। সরা-সরি কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

৫। আবেদনের খামের উপর মোটা অক্ষরে **পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে)** এবং বামপার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৬। প্রার্থীর বয়স **২০/২/২০২২** খ্রিস্টাব্দ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান ও প্রতিবন্ধীদের বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৭। আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংক লিমিটেডের যে কোন শাখা হতে জেলা প্রশাসক, যশোর এর নামে নির্বাচনী পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

৮। **আবেদনপত্রের সহিত নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :**

ক) সদ্য তোলা সত্যায়িত ০৩ (তিন) কপি ৫×৫ সে. মি. আকারের রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এছাড়া ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি দাখিল করতে হবে।

খ) পৌরসভার মেয়র বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদ।

গ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(ঘ) মহিলা প্রার্থীগণের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় সেক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

ঙ) কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। খামের উপরে পদের নাম ও কোটা অবশ্যই উল্লেখ করতে হবে।

চলমান অপর পাতা-২

৯। প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০ (দশ) টাকা মূল্যের ডাকটিকেট যুক্ত ৪.৫"× ১০" সাইজের একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১০। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে।

১১। সরকার কর্তৃক ঘোষিত সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

১২। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থ গ্রহণ করা হবে।

১৩। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার পারদর্শীতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১৪। প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

২৩.০১.২০২২

(মোঃ তমিজুল ইসলাম খান)
জেলা প্রশাসক
যশোর।
ফোন নম্বর : ০৪২১-৬৮৫০০।
E-mail-dcjessore@mopa.gov.bd

স্মারক নম্বর ০৫.৪৪.৪১০০.০১৩.১৯.০০৪.২২. ৪৮(১০০)

তারিখ : ০২ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ। / ২৬ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৪. জেলা প্রশাসক------------------(সকল) ।
৫. পুলিশ সুপার, যশোর ও সদস্য নিয়োগ কমিটি।
৬. উপপরিচালক, স্থানীয় সরকার, যশোর ও সদস্য সচিব, নিয়োগ কমিটি।
৭. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, যশোর ও সদস্য নিয়োগ কমিটি।
৮. মেয়র, যশোর পৌরসভা, যশোর ও সদস্য নিয়োগ কমিটি।
৯. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া/অভয়নগর/মণিরামপুর/কেশবপুর/ঝিকরগাছা/শার্শা/চৌগাছা/যশোর সদর ।
১০. উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া/অভয়নগর/মণিরামপুর/কেশবপুর/ঝিকরগাছা/শার্শা/চৌগাছা/যশোর সদর, যশোর।
১১. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর (তাঁকে বিজ্ঞপ্তি ও আবেদন ফরম এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১২. সম্পাদক, দৈনিক ইত্তেফাক/দৈনিক সমকাল/গ্রামের কাগজ, যশোর (তাঁকে বিজ্ঞপ্তিটি আগামী /০ /২০২২ খ্রিষ্টাব্দ তারিখ তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে ০৫ (পাঁচ) কপি ও বিধি মোতাবেক বিল ভাউচার জেলা প্রশাসক, যশোর বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
১৩. অফিস নথি/নোটিশ বোর্ড ।

২৩.০১.২০২২

(মোঃ তমিজুল ইসলাম খান)
জেলা প্রশাসক
যশোর।
ফোন নম্বর : ০৪২১-৬৮৫০০।
E-mail-dcjessore@mopa.gov.bd